

## ভারতীয় সংবাদমাধ্যমে #মিটু নিয়ে এনডব্লিউএমআই-এর বক্তব্য

দ্য নেটওয়ার্ক অফ উওমেন ইন মিডিয়া ইন ইন্ডিয়া সেই সব মহিলাদের পাশে নিঃশর্ত সমর্থন নিয়ে দাঁড়াচ্ছে যাঁরা ভারতীয় সংবাদমাধ্যমে তাঁদের সঙ্গে ঘটা যৌন হেনস্কার প্রসঙ্গে অত্যন্ত সাহসের সঙ্গে মুখ খুলেছেন। সাংবাদিকতার সঙ্গে যুক্ত আমাদের সকলের জন্যই এ এক জরুরি সময়। আমরা বিভিন্ন ক্ষেত্রে যৌন হেনস্কার ঘটনা প্রত্যক্ষ করেছি ও বিষয়ে রিপোর্ট করেছি ও এই বিষয়ে কথা বলার জন্য যে একটি শক্তিশালী ব্যবস্থা থাকা দরকার সে কথাও বারবার বলেছি। এখন যখন আমরাই আলোকবৃত্তের মধ্যে এসে পড়েছি, তখন আমরা একে স্বাগত জানাচ্ছি এবং আরও বেশি মহিলাকে উৎসাহ দিচ্ছি তাদের অভিজ্ঞতা কোনওরকম ভয় বা কুণ্ঠা না রেখে জানাতে।

আমরা এরকম ঘটনার কথা পড়তে পড়তে অত্যন্ত সমস্যা বোধ করছি যেখানে একাধিক হেনস্কার ঘটনায় যুক্ত কেউ নিউজরুম-এ কোনওরকম প্রশ্নের মুখে না পড়ে মুক্তভাবে কাজ করে চলেছে। আমরা কঠোরভাবে ভারতীয় নিউজরুম-এ চলতে থাকা লিঙ্গবৈষম্য ও নারীবিশ্বেষের নিন্দা করছি, যা আদতে বিনা বাধায় যৌন হেনস্কা চালিয়ে যাওয়ারই অনুমতি দেয় না, সঙ্গে মুখ বুজে থাকা, ক্ষতিগ্রস্তকেই দোষারোপ করা ও নীতি পুলিশিগিরির সংস্কৃতিকে বাড়িয়ে তোলে।

এইসমস্ত ঘটনার পরিপ্রেক্ষিতে এনডব্লিউএমআই যে দাবীগুলি জানাচ্ছে তা হল –

১. সকল সংবাদমাধ্যমের সংগঠন, যার অর্ন্তভুক্ত হবে সাংবাদিকতার কলেজ ও বিভাগগুলি, সাংবাদিকদের ইউনিয়ন ও প্রেস ক্লাব, তারা যিনি যৌন হেনস্কার শিকার হচ্ছেন তাঁর বক্তব্য অনুযায়ী সুও মোটো করবে, তদন্ত শুরু করবে ও যথাযথ ব্যবস্থা নেবে।

২. সকল সংবাদমাধ্যমের সংগঠন ও সাংবাদিকতার কলেজগুলির কর্মক্ষেত্রে যৌন হেনস্কা প্রতিহত করার জন্য উপযুক্ত নীতি থাকবে এবং কর্মক্ষেত্রে যৌন হেনস্কা বিষয়ক ২০১৩

সালের যে আইন তার বাধ্যতামূলক যেসব নিয়মগুলি রয়েছে তার সঙ্গে সায়ুজ্য রেখে ইন্টারনাল কমিটি (আইসি) তৈরি করতে হবে, যেখানে সব সদস্যদের অভিযোগ নিয়ে কাজ করার অভিজ্ঞতা থাকবে। সমস্ত আইসি-র শীর্ষে থাকবেন একজন মহিলা, অর্ধেক সদস্য হবেন মহিলা এবট আইসি-গুলিতে অন্তত একজন নিরপেক্ষ মহিলা থাকবেন বাইরে থেকে যিনি আইন বা নারী অধিকার বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ হবেন। আইসি-র সদস্যদের সঙ্গে যোগাযোগ করা সহজ হতে হবে ও তাঁরা অভিযোগগুলি সহমর্মিতার সঙ্গে দেখবেন ও নির্দিষ্ট সময়ের মধ্যে সেগুলি নিয়ে তদন্ত করবেন ও কর্তৃপক্ষও আইসি-র বক্তব্যের নিরিখে দ্রুত ব্যবস্থা নেবে। একটি অভিযোগ দায়ের করার পদ্ধতিটিও বিস্তারিতভাবে সকলকে জানাতে হবে।

৩. সকল সংবাদমাধ্যমের সংগঠন ও সাংবাদিকতার কলেজগুলিকে নিশ্চিত করতে হবে যে তাদের যৌন হেনস্থা বিরোধী নীতিগুলি ও আইসি যে গঠিত হয়েছে তা তাদের সংগঠনের মধ্যে ও তাদের ওয়েবসাইটে বিস্তারিতভাবে জানানো থাকবে। চাকরির চুক্তিপত্রে ও ব্যবহারনীতির নির্দেশনামায় স্পষ্টভাবে লেখা থাকতে হবে যৌন হেনস্থা করলে তার ফলাফল কী হতে পারে।

৪. সাংবাদিকতার চরিত্র মাথায় রেখে আইসি ও নিয়োগকারীদের এই বিষয়ে সচেতন করতে হবে যে শুধু অফিসের ঘেরাটোপে নয় যেসমস্ত অভিযোগ বাইরে যাকে সচরাচর ‘ফিল্ড’ বলা হয় ও সোর্স-দের সঙ্গে যোগাযোগের সময়ে হলেও তাকে সমান গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে। সম্পাদকদের সুনিশ্চিত করতে হবে যে তার কর্মীদের নিরাপত্তা বিঘ্নিত করে যেন কোনও ‘স্টোরি’ না আসে।

৫. সেক্সুয়াল হ্যারাসমেন্ট অ্যাক্ট, ২০১৩-র সঙ্গে সঙ্গতি রেখে ফ্রিল্যান্সার ও স্ট্রিঙ্গার যারা তাদের চাকরির নিরাপত্তাহীনতার জন্যই যৌন হেনস্থার ঝুঁকিপূর্ণ হন, তাদেরও তারা যে সংবাদমাধ্যম দপ্তরে কাজ করেন তার যৌন হেনস্থা বিরোধী নীতি ও ইন্টারনাল কমিটির ক্ষমতার মধ্যে আনতে হবে।

৬. সকল সংবাদমাধ্যম সংগঠন ও সাংবাদিকতার কলেজগুলিকে অভিযোগকারিণীকে সাহায্য করতে হবে যদি তিনি ভারতীয় পিনাল কোড বা অন্য কোনও আইনের আওতায় অভিযোগ জানাতে চান।

৭. সকল সংবাদমাধ্যম সংগঠন ও সাংবাদিকতার কলেজগুলিতে অবশ্যই লিঙ্গ পরিচিতি সংক্রান্ত নির্দিষ্ট নীতি থাকতে হবে ও লিঙ্গ পরিচিতি বিষয়ে সচেতনতা বাড়াতে বছরে অন্তত দু'বার কর্মশালার আয়োজনও করতে হবে যাতে লিঙ্গ সমতা ও লিঙ্গ পরিচিতি বিষয়ক ন্যায় প্রতিষ্ঠার পরিবেশ থাকে।

৮. সকল সংবাদমাধ্যম সংগঠন ও সাংবাদিকতার কলেজগুলিতে যারা যৌন হেনস্কার শিকার ও যারা অভিযুক্ত তাদের সঠিক কাউন্সিলিং-এর ব্যবস্থা থাকতে হবে।

৯. যে অভিযোগগুলি উঠে আসছে সেগুলি সাংবাদিকতার দিক থেকে অনুসরণ করেও দেখতে হবে। এই 'স্টোরি' বা ঘটনাগুলি চাপা দিয়ে দেওয়ার পরিবর্তে বড় সংবাদমাধ্যমের সংগঠনগুলিকে রিপোর্ট অনুযায়ী যথাযথ গুরুত্ব দিয়ে এগুলির ফলো-আপ করতে হবে। সংবাদমাধ্যম হিসাবে আমাদের নিজেদের উপরে আলো ফেলতে হবে যাতে কর্মক্ষেত্রে যৌন হেনস্কার দোষীরা অযাচিতভাবে মুক্ত থাকার সুবিধা না পায়।

এনডব্লিউএমআই যেসব মহিলা পেশাদারেরা কথা যৌন হেনস্কার বিরুদ্ধে মুখ খুলতে চান তাদের পাশে থাকবে এবং ইন্টারনাল কমিটিগুলিকে সমর্থন ও শক্তিশালী করে তোলার জন্যও সাহায্য করবে। আমাদের সঙ্গে যোগাযোগ করা যায় [editors@nwmindia.org](mailto:editors@nwmindia.org)